

একশো দিনের কাজে আগাম আংশিক মজুরি দেওয়ার ভাবনা

নয়াদিল্লি, ৫ ডিসেম্বর : মহাত্মা গান্ধি জাতীয় গ্রামীণ কর্মসংস্থান নিশ্চয়তাকরণ প্রকল্পে নানা সমালোচনা রয়েছে। দিনদিন সমালোচনা বাড়ছে। প্রশাসনিক চিলেমি এবং দুর্নীতির অভিযোগ রয়েছে। এর পরিপ্রেক্ষিতে কেন্দ্র কতগুলি পদক্ষেপ নেওয়ার কথা ভাবছেন। তারই অঙ্গ হল এই প্রকল্পে যারা কাজ পান তাদের মজুরির আংশিক নগদে আগাম দিয়ে দেওয়ার একটি প্রস্তাব। উদ্দেশ্য এতে যারা উপকৃত হওয়ার কথা তাদের আস্থা ফিরিয়ে আনা।

কেন্দ্রের গ্রামীণ বিকাশ মন্ত্রক এই প্রকল্পে বিশেষ করে যেসব জেলা বা পঞ্চায়েতে মজুরি দিতে বিলম্ব হয়েছে সেইসব এলাকায় মাসব্যাপী পাইলট প্রকল্প চালু করার নির্দেশ দিয়েছেন। এ থেকে যে অভিজ্ঞতা হবে তার ভিত্তিতে দৃঢ়ভাবে আগাম মজুরি দেওয়ার প্রকল্প তৈরি করা যাবে। মন্ত্রকের এক কর্মী বলেছেন, 'যেসব এলাকায় প্রধানত কর্মী কম থাকায় মজুরি দিতে দেরী হয়েছে সেসব এলাকায় পাইলট প্রকল্প নেওয়ার কথা বলেছি।' আগাম মজুরি পরে পূর্ণ




মজুরির হিসেব হওয়ার পর তা থেকে কেটে নেওয়া হবে।
মজুরি দিতে প্রায়ই বিলম্ব হয় ব্যাংক, ডাক ব্যবস্থা এবং কর্মীর অপ্রতুলতায়।
মন্ত্রক রাজ্য সরকারগুলিকে পাঠানো এক চিঠিতে বলেছেন, 'ব্যাংকিং ব্যবস্থা জোরদার না হওয়া পর্যন্ত, সব পঞ্চায়েতে এলাকায় ডাক ব্যবস্থা ছড়িয়ে না পড়া পর্যন্ত, একটি বিকল্প হিসেবে শ্রমিকদের আংশিক মজুরি আগাম দেওয়ার কথা বিবেচনা

করা যেতে পারে।'
মন্ত্রক এই চিঠিতে জীকার করেছে, সময়মত মজুরি দেওয়া যায়না বলে এই প্রকল্পের সফল রূপায়ণ বাধাগ্রস্ত হচ্ছে। মন্ত্রক মজুরি না-পাওয়া সংক্রান্ত ৫০টি অভিযোগ পেয়েছে। তবে মন্ত্রক মনে করে এই সংখ্যা দিয়ে সমস্যার বিশালত্ব মাপা যাবে না। কারণ অধিকাংশ শ্রমিকই অভিযোগ দায়ের করেন না।
দু-মাস আগে মন্ত্রক গাইডলাইন জারি করে রাজ্যগুলিকে বলেছিলেন, শুধু ব্যাংক এবং ডাকঘর অ্যাকাউন্টের মাধ্যমে মজুরি প্রদান নিশ্চিত করতে। একমাসের মধ্যেই গ্রাম উন্নয়নমন্ত্রী জয়রাম রমেশ ঘোষণা করেন, পরিকাঠামোর এবং কর্মীর অভাবে সব জায়গায় ব্যাংক এবং ডাকঘর অ্যাকাউন্টের মাধ্যমে মজুরি দেওয়ার বিষয়টি কার্যকর হওয়ার নয়।
মন্ত্রী তাই এক্ষেত্রে ছাড়ের ব্যবস্থা করেন। দেশের ৩০টি মাদ উপজাত জেলায় নগদে মজুরি দেওয়ার অন্তিমত দেওয়া হয়। একমাত্র তামিলনাড়ুতেই সব মজুরি সরাসরি নগদে দেওয়ার ব্যবস্থা হয়েছে।

মিলল বিশ্বের সবচেয়ে বড়ো পতঙ্গ

লন্ডন, ৫ ডিসেম্বর : ওজনের দিক থেকে বিশ্বের সবচেয়ে বড়ো আকারের পতঙ্গের সন্ধান পেয়েছেন গবেষকরা। নিউজিল্যান্ড-এর লিটল ব্যারিয়ার আইল্যান্ডে খুঁজে পাওয়া এ পতঙ্গটির নাম ওয়েটা।
খবর ডেইলি মেইল-এর।
ওয়েটা'র খোঁজ প্রথম পেয়েছেন মার্ক মফেট নামের একজন মার্কিন প্রকৃতিবিদ। বিশালাকার এই পতঙ্গটি দেখতে 'বিকি' পোকার মতো। পতঙ্গটির ওজন ৭২ গ্রাম যা ওজনের হিসেবে এখন পর্যন্ত খোঁজ পাওয়া পতঙ্গের মধ্যে সবচেয়ে বড়ো পতঙ্গ।
পতঙ্গটির পাখার বিস্তার ৭ ইঞ্চি পর্যন্ত হয়। লিটল ব্যারিয়ার আইল্যান্ডে ওয়েটা'র ৭০টিরও বেশি প্রজাতি দেখতে পাওয়া গেছে।
খোঁজ পাওয়া এই পতঙ্গটি খ্রী প্রজাতির আর এই পতঙ্গটির প্রিয় খাবার হচ্ছে গাজর।



গাড়ি চালালে কুমারিত্ব শেষ

ঢাকা, ৫ ডিসেম্বর : সৌদি আরবের নারীদের গাড়ি চালানোর অনুমতি দিলে 'দেশের পরিবর্তন' নষ্ট হবে বলে একটি প্রতিবেদনে ইশিয়ারি দেওয়া হয়েছে। বিষয়টিকে নারীর 'কুমারিত্ব' বিনাশের সঙ্গে তুলনা করা হয়েছে। দেশটির আর্মি পরিষদ শুভা কাউন্সিলের জন্য একটি রক্ষণশীল সংস্কার এই প্রতিবেদন তৈরি করেছে। শিক্ষক হিসেবে পরিচিত কমল সুবিহ এই প্রতিবেদন উপস্থাপন করেন। এর উদ্দেশ্য হল নিষেধাজ্ঞার বিষয়ে পুনর্বিবেচনার পরিকল্পনা যেন বাদ দেওয়া হয়। নারীদের গাড়ি চালানোর অনুমতি দিলে পতিতাবৃত্তি, পর্নোগ্রাফি, সমকামিতা ও তালুক বেড়ে যাবে বলে প্রতিবেদনে সতর্ক করা হয়েছে।
সৌদি আরবের নারীদের গাড়ি চালানোর ওপর আনুষ্ঠানিক কোনো নিষেধাজ্ঞা নেই। তবে তাদেরকে গাড়ি চালাতে দেখলে আটক করা যেতে পারে-এ ধরনের নিয়ম রয়েছে। এটি প্রত্যাহারের জন্য সবেদেশের নারীরা ক্ষেত্র চাচ্ছে। তাদের অভিযোগ, এর কারণে বাস্তবজীবনে তাদের কিছু জটিলতার মুখোমুখি হতে হয়। যেমন, পরিবারের নিয়ন্ত্রণ থেকে এবং পুরুষের কাছ থেকে তাদের দূরে রাখার চেষ্টা করা হচ্ছে অথচ প্রতিদিন পুরুষ ড্রাইভারের ওপরই তাদের নির্ভর করতে হচ্ছে। এটি পরিষ্পন্নবিরোধী ও অযৌক্তিক।
বিষয়টি নিয়ে আন্তর্জাতিক মহলেও প্রতিবাদের ঝড় ওঠে। এদিকে সংস্কার প্রক্রিয়ার অংশ হিসেবে সৌদির বাদশ আব্দুল্লাহ নিষেধাজ্ঞার বিষয়টি পর্যালোচনার অনুমতি দিয়েছেন। নারীদের গাড়ি চালানোর পক্ষে আন্দোলনকারী এক নারী বিবিসিকে জানান, এ প্রতিবেদনটি সম্পূর্ণ উল্টো। তিনি বলেন, স্তম্ভের প্রধান নারী আন্দোলনকারীদের এই বিষয়টি নিশ্চিত করেছেন যে, নিষেধাজ্ঞা প্রত্যাহারের ওপর এখনও গুনানি আব্রাহাম রাখা হয়েছে।

জলবায়ু পরিবর্তন : উন্নত দেশগুলোর গড়িমসি

ডারবান, ৫ ডিসেম্বর : জলবায়ু পরিবর্তনের শিল্পোন্নত দেশগুলো যথেষ্ট গুরুত্বের সঙ্গে নিচ্ছে না অভিযোগ করে উদ্বেগ প্রকাশ করে উন্নয়নশীল দেশের প্রতিনিধিরা।
ডারবানে শুরু হওয়া বিশ্ব জলবায়ু সম্মেলনে (কোফারেন্স অফ দ্য পার্টসি কোপ ১৭) তারা এই উদ্বেগ জানান।
বিশেষ করে যুক্তরাষ্ট্রের বিরুদ্ধেই অভিযোগের তির ছোড়েন তারা। দৃশ্যত, জলবায়ু পরিবর্তন মোকাবেলার গুরুত্বপূর্ণ বিষয়গুলোর ক্ষেত্রে ভূমিকা নিতে গড়িমসি করছে যুক্তরাষ্ট্র। রাষ্ট্রসংঘে জলবায়ু সম্মেলনে অংশগ্রহণকারী ইউরোপ ও আফ্রিকার রকের প্রধান যুক্তরাষ্ট্রের এই অবস্থানের সমালোচনা করেন।



উষ্ণায়নের প্রভাব

সম্মেলনে মালির প্রতিনিধি সেইনি নাফো বলেন, 'মোটের ওপর উন্নত দেশগুলো জলবায়ু পরিবর্তনকে একটি বৈশ্বিক ইস্যু হিসেবে গুরুত্বের সঙ্গে দেখছে না।'
গণতন্ত্র, মানবাধিকার ও বাজারে প্রবেশাধিকারের মতো বিষয়গুলোতে যুক্তরাষ্ট্রের ভূমিকা উল্লেখ করে তিনি বলেন, 'জলবায়ু পরিবর্তন মোকাবেলার ক্ষেত্রেও আমরা একই ধরনের নেতৃত্ব চাই।'
ইউরোপীয় ইউনিয়নের প্রধান মন্থ্যস্বত্বকারী আর্থার রুঞ্জ-মেতজার ও যুক্তরাষ্ট্রের ভূমিকা নিয়ে উদ্বেগ প্রকাশ করেন।
অবশ্য তিনি বলেন, 'যুক্তরাষ্ট্রের প্রতিনিধি তার দেশের আন্তর্জাতিক কারণে এটা করতে পারেন। সেখানে জলবায়ু পরিবর্তন মোকাবেলার বিষয়টি বর্তমানে ততোটা জনপ্রিয় নয়।'
'কংগ্রেসের পরিষ্কারিত্ব কারণে জলবায়ু পরিবর্তনের বিষয়টি নিয়ে এগোনো ও বামা প্রশাসনের জন্য এখন খুবই কঠিন।'
সম্মেলনে সব দেশের জন্য কার্বন নিঃসরণের সীমা নির্ধারণ সংক্রান্ত একটি আইনি বাধ্যবাধকতা সৃষ্টির জন্য চুক্তিতে পৌঁছানো এবং দ্রিষ্ট দেশগুলোর পরিবেশবান্ধব উৎপাদন ব্যবস্থা এবং বৈশ্বিক উষ্ণায়নের প্রভাব মোকাবেলার জন্য এক হাজার কোটি ডলারের একটি তহবিল গঠনের আলোচনায় নীরব ভূমিকা পালন করছে যুক্তরাষ্ট্র।
গ্রীন হাউস গ্যাস সূর্যের তাপ বায়ুমণ্ডলে আটকে দেওয়ার ফলে জলবায়ু পরিবর্তন ঘটে। এর ফলে আবহাওয়ার পরিবর্তন হয় এবং তা ঘন ঘন বর্ষাভির্ষ ও বন্যা, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, ধরা, নদীভাঙন ও জলে লবণাক্ততা বাড়িয়ে তোলাকে স্রষ্টাঙ্কিত করে।
আশঙ্কা করা হয়, বৈশ্বিক উষ্ণতা দুই ডিগ্রি সেলসিয়াসের বেশি বাড়লে তা জলবায়ুতে ব্যাপক পরিবর্তন আনতে পারে যা প্রশমনের কোনো উপায় থাকবে না।
রাষ্ট্র সংঘ ও বিশেষজ্ঞদের গবেষণায় দেখা গেছে যে, বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি দেড় ডিগ্রি সেলসিয়াসের মধ্যে আটকে রাখতে হলে ১৯৯০-এ যে পরিমাণ কার্বন নিঃসরণ করা হত ২০২০ সাল নাগাদ তা ৪০ শতাংশ এবং ২০৫০ সাল নাগাদ তা ৯৫ শতাংশ কমিয়ে আনতে হবে। এছাড়া ২০১৫ সালের পর কোনোভাবেই কার্বন নিঃসরণের পরিমাণ সর্বোচ্চ হতে পারবে না।
এক্ষেত্রে কোনো লক্ষ্যমাত্রা নির্ধারণের বদলে যুক্তরাষ্ট্র বলছে, কার্বন নিঃসরণ সামর্থ্য অনুযায়ী যতো সম্ভব কমিয়ে আনার প্রতিশ্রুতি দিক দেশগুলো। ২০০৫ সালে দেশটি যে পরিমাণ কার্বন নিঃসরণ করত ২০২০ নাগাদ তার ১৭ শতাংশ কমিয়ে আনার প্রতিশ্রুতি অবশ্য দিয়েছে দেশটি।
অদূর ভবিষ্যতে এ প্রতিশ্রুতির কোনো পরিবর্তন হবে না বলে মন্তব্য করেছেন সম্মেলনে যুক্তরাষ্ট্রের প্রতিনিধি

জনাথন পার্সিং।
আর্থার রুঞ্জ-মেতজার অবশ্য বলেছেন, 'সবাই এ প্রতিশ্রুতি দিলে তা জলবায়ু দুর্বোধ্য এড়াতে বিজ্ঞানীরা কার্বন নিঃসরণ কমিয়ে আনার যে প্রয়োজনীয় শর্তের কথা বলেছেন তার প্রায় অর্ধেক হবে।'
এদিকে, বলিভিয়ার প্রতিনিধি দলের প্রধান বেনে ওরেলানা তার দেশের পক্ষ থেকে দেওয়া প্রথম ভাষণে বন উজাড়ের মাধ্যমে কার্বন নিঃসরণ কমিয়ে আনার প্রস্তাব নাকচ করেন।
তিনি বলেন, 'বন কার্বন সঞ্চয়ে ভূমিকা রাখে না।'
দেশের আয়তনের প্রায় অর্ধেক জড়ে বনাঞ্চল ছড়িয়ে থাকা দেশ বলিভিয়ার খাদ্য নিরাপত্তা, জলের উৎস এবং আদিবাসীদের প্রাণ বৈচিত্র্য রক্ষায় বনাঞ্চলের ভূমিকা রয়েছে বলে উল্লেখ করেন রেনে।
কার্বন গ্যাস নিঃসরণের মাত্রা নিরাপদ মাত্রায় নামিয়ে আনতে ১৯৯৭ সালে ক্রিমোট্রে প্রটোকল স্বাক্ষরিত হয়। এই চুক্তির মেয়াদ ২০১২ সালে শেষ হতে চলেলেও আইনি বাধ্যবাধকতা না থাকায় শিল্পোন্নত দেশগুলোকে কার্বন গ্যাস নিঃসরণ কমিয়ে আনতে বাধ্য করা যায়নি।
এ কারণেই গত দুটি জলবায়ু সম্মেলনেই নতুন একটি চুক্তি করার কথা বলা হচ্ছে, যাতে কার্বন গ্যাস নিঃসরণ কমানোর পাশাপাশি জলবায়ু পরিবর্তনের কারণে ঝুঁকির মুখে থাকা দেশগুলোকে ক্ষতিপূরণ দেওয়ার বাধ্যবাধকতা থাকবে।
গত ২৮ নভেম্বর দক্ষিণ আফ্রিকার ডারবানে শুরু হওয়া ১২ দিনের জলবায়ু সম্মেলনে এগুলোই হবে উন্নয়নশীল ও অল্পোন্নত দেশগুলোর মুখ্য দাবি।

বাংলাদেশের রেলকে লাভজনক করার অঙ্গীকার সুরঞ্জিতের

ঢাকা, ৫ ডিসেম্বর : বাংলাদেশের মন্ত্রীসভায় নতুন দুইজনের দপ্তর বন্টনের পাশাপাশি পুরোনোদের মধ্যে জিএম কাদের ও ফারুক খানের মন্ত্রণালয় অদল-বদল হয়েছে।
যোগাযোগমন্ত্রক সৈয়দ আবুল হোসেনকে নব গঠিত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের দায়িত্ব দিয়েছেন প্রধানমন্ত্রী।
নতুন মন্ত্রী ওয়াদুল কাদের পেয়েছেন যোগাযোগ মন্ত্রকের দায়িত্ব। নতুন মন্ত্রক রেলপথের মন্ত্রী হয়েছেন সাদা শপথ নেওয়া সুরঞ্জিত সেনগুপ্ত। নতুন মন্ত্রক তৈরি করে সুরঞ্জিতকে এর দায়িত্ব দেওয়া হয়েছে। দায়িত্ব নেওয়ার পর সুরঞ্জিত সময় ধরে টেন চালানের ব্যবস্থা এবং ই-টিকিট চালুর মাধ্যমে রেলকে জনপ্রিয় করে একে লাভজনক করার অঙ্গীকার করেছেন। তিনি বলেন, 'সারা পৃথিবীতে রেল লাভজনক, আর বাংলাদেশে তা লোকসান রয়েছে। কোন অঙ্ককার ঘরে এই কালো বিজালটি বাস করে, তা দেখতে চাই।'
ইয়াফেস ওসমান থাকছেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রকের দায়িত্বে। রবিবারই বিজ্ঞান, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রক ভেঙে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রক এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রক গঠন করা হয়। যোগাযোগ মন্ত্রক ভেঙে রেলপথ নামে আলাদামন্ত্রক গঠন করা হয় একই দিনে। সোমবার মন্ত্রীপরিষদ বিভাগ মন্ত্রিসভার দপ্তর রদবদলের

বিজ্ঞিত জারি করে।
বিজ্ঞিত অনুযায়ী, এখন থেকে অসামরিক বিমান চলাচল ও পর্যটনমন্ত্রীর দায়িত্ব পালন করবেন আওয়ামি লিগ নেতা ফারুক খান।
অন্যান্যভাবে বাণিজ্য মন্ত্রক গঠন করা হয়েছে শরিক জাতীয় পার্টির নেতা জিএম কাদের। গত ২৯ নভেম্বর ক্ষমতাসীন মহাজোটের মন্ত্রিসভার তৃতীয় দফায় সম্প্রসারণে মন্ত্রী হিসেবে শপথ নেন সুরঞ্জিত ও কাদের। ছাত্রলিগের প্রাক্তন সভাপতি কাদের আওয়ামি লিগের গণ সরকারে যুব, জীবীড়া ও সংস্কৃতি বিষয়কে প্রতিনিধিত্ব করেন। প্রাথমিক সংসদ সদস্য সুরঞ্জিত এবারই প্রথম মন্ত্রী হলেন।
নবম সংসদ নির্বাচনের পর আওয়ামি লিগের নেতৃত্বাধীন মহাজোটে নিরঙ্কুশ বিজয় লাভের পর ২০০৯ সালের ৬ জানুয়ারি শেখ



হিসেবে শপথ নেন সুরঞ্জিত ও কাদের। ছাত্রলিগের প্রাক্তন সভাপতি কাদের আওয়ামি লিগের গণ সরকারে যুব, জীবীড়া ও সংস্কৃতি বিষয়কে প্রতিনিধিত্ব করেন। প্রাথমিক সংসদ সদস্য সুরঞ্জিত এবারই প্রথম মন্ত্রী হলেন।
নবম সংসদ নির্বাচনের পর আওয়ামি লিগের নেতৃত্বাধীন মহাজোটে নিরঙ্কুশ বিজয় লাভের পর ২০০৯ সালের ৬ জানুয়ারি শেখ

সিরিয়ায় তরুণী ব্লগার গ্রেফতার

আমান, ৫ ডিসেম্বর : সিরিয়ায় রাজান গাজ্জাবি নামে এক ব্লগারকে গ্রেফতার করা হয়েছে। প্রেসিডেন্ট বাশার আল-আসাদের বিরুদ্ধে গণবিক্ষোভ শুরু হওয়ার পর থেকে গ্রেফতার হওয়া সাংবাদিক ও ব্লগারদের তালিকায় সর্বশেষ যুক্ত হলেন ৩০ বছর বয়সী এই মহিলা।
রবিবার জর্ডনে সংবাদ মাধ্যমের স্বাধীনতা নিয়ে একটি সম্মেলনে যোগ দিতে যাওয়ার পথে গ্রেফতার হন তিনি।
রাজানের এক বন্ধু জানান, জর্ডন যাওয়ার জন্য সিরিয়ায় সীমান্তে নাগিব হলবন্দরে পাসপোর্ট জমা দেওয়ার পরপরই তাকে গ্রেফতার করা হয়।
রাজান গাজ্জাবি তার সর্বশেষ ব্লগ পোস্টে জানান, তার সতীর্থ ব্লগার হুসেনে জেইর ৩৭ দিন কারাভোগের পরে গত সপ্তাহে মুক্তি পেয়েছেন।
তিনি বলেন, য়েইর ব্লগ সৌভাগ্যবান যে তার কারাভোগের বেশিরভাগ সময় সাধারণ কারাগারগুলোতেই কাটিয়েছেন তিনি। পুলিশের গোপন আন্তানাগুলোর অন্ধকূপে ভয়ঙ্কর অত্যাচারের মুখে তাকে পড়তে হয়নি।
তবে এ ব্যাপারে সিরীয় কর্তৃপক্ষের কোনো মন্তব্য পাওয়া যায়নি।
কর্তৃপক্ষের কঠোর দমন-পীড়নের কারণে ইতিমধ্যে প্রায় স্বাধীন সাংবাদিকগণ হয়ে পড়েছে সিরিয়া। রাষ্ট্রীয় গণমাধ্যমগুলো ছাড়া অন্যান্য সংবাদমাধ্যমগুলো মিথ্যা খবর ছড়াত্তে বলে অভিযোগ করছে কর্তৃপক্ষ। এজন্য তারা বিদেশি গোয়েন্দা তৎপরতাকে দায়ী করছে।

টিপাইমুখ নিয়ে মনমোহনের চিঠিতে আশ্রাস : বিএনপি

ঢাকা, ৫ ডিসেম্বর : খালেদা জিয়ার চিঠির জবাবে ভারতের প্রধানমন্ত্রী মনমোহন সিং টিপাইমুখে বাংলাদেশের জন্য ক্ষতিকর কিছু না করার আশ্বাসই পুনরায় দিয়েছেন বলে জানিয়েছে বিএনপি।
মনমোহনের চিঠি পাওয়ার নয় দিন পর এ বিষয়বস্তু প্রকাশ করে সাংবাদিক বৈঠকে বিএনপি-র মুখপাত্র মির্জা ফখরুল ইসলাম আলমগীর টিপাইমুখে বাঁধ তৈরির আগে যৌথ সমীক্ষার দাবি পুনরায় তোলেন।
গত ২২ নভেম্বর বিরোধীদলীয় নেতা খালেদা টিপাইমুখ প্রকল্প বাস্তবায়নের আগে বাংলাদেশ-ভারত যৌথ সমীক্ষার পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে ভারতের প্রধানমন্ত্রীর কাছে চিঠি পাঠান।
গত ২৬ নভেম্বর খালেদা খুলা আভি মুখে রোড মার্চের সময় মনমোহনের ফিরতি চিঠি এলেও তা এতদিন প্রকাশ করা হয়নি।
মনমোহনের চিঠির বিষয়বস্তু তুলে ধরে ফখরুল নয়া পল্টনে দলীয় কার্যালয়ে সাংবাদিক বৈঠক করেন।
ফখরুল বলেন, 'চিঠিতে ভারতের প্রধানমন্ত্রী বলেছেন, টিপাইমুখ প্রকল্প মূলত বন্যা নিয়ন্ত্রণে সহায়ক ভূমিকা পালন করবে, এটা সেচ প্রকল্প নয়। এ প্রকল্পে ভারত সরকার এমন কিছু করবে না, যার কারণে বাংলাদেশের ক্ষতি হতে পারে।'
এর আগে সরকারি পর্যায়েও ভারতের প্রধানমন্ত্রীর একই আশ্রাস পাওয়া যায়।
বরাক নদীর টিপাইমুখে বাঁধ নির্মাণ করে জলবিদ্যুৎ কেন্দ্র তৈরির পরিকল্পনা ধরে এগোচ্ছে ভারত। বাংলাদেশে মেঘনা, সুমরা ও কুশিয়ারার জলের উৎস ভারত হয়ে আসা এই নদীটাই।
ফখরুল বলেন, 'এই নদীর জল প্রবাহের ওপর বাংলাদেশের ন্যায্য অধিকার রয়েছে। ভারতীয় শীর্ষ নেতাদের আশ্রাসে বিশ্বাস স্থাপন করতে পারছে না দেশের জনগণ। ফারাক্কা বাঁধ নির্মাণের সময়েও অনুরূপ আশ্রাস দেওয়া হয়েছিল।'
টিপাইমুখে যৌথ সমীক্ষার দাবি তুলে ধরে ফখরুল বলেন, এর পাশাপাশি টিপাইমুখ বাঁধ নির্মাণ বন্ধে বিএনপি জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে জনমত গড়ে তুলবে।
টিপাইমুখ প্রকল্প নিয়ে সরকারের পদক্ষেপ যথাযথ নয় বলে দাবি করছে বিএনপি।
ফখরুল বলেন, বর্তমান আওয়ামি লিগ সরকার এই বাঁধ বন্ধের জন্য আজ পর্যন্ত কোনো কার্যকর পদক্ষেপ নেয়নি। এমনকি যৌথ কারিগরি সমীক্ষার তাগিদও দেওয়া হয়নি।
প্রধানমন্ত্রীর দুই উপদেষ্টার দ্বিধা সফরের বিষয়ে বিএনপি নেতা বলেন, 'তারা (উপদেষ্টা) এই প্রকল্পের বিরোধিতা তো দুবের কথা, কোনো প্রতিবাদও জানাতে পারেনি। বরং বাংলাদেশে ফিরে বসেছেন, টিপাইমুখ বাঁধে বাংলাদেশের উপকার হবে। এতে জনগণের উদ্বেগ আরও বেড়েছে।'

ছোট পর্দায় আজকের আকর্ষণ

সারাদিনে

অনুষ্ঠান নানা চ্যানেলে

গওহর খান এবং নিগার খান-দুই সেলিব্রিটি বোন। দু'জনেই সিনেমা, টে'লিভিশন শ্রমের পরিচিত মুখ। তাদের জীবনের নানা কাহিনি, মায়ের সঙ্গে সম্পর্ক, প্রেমের ক্ষেত্রে তাদের নিরাপত্তাহীনতা ইত্যাদি নিয়ে অনুষ্ঠান 'খান সিস্টার্স', রাত ৮টায় ইউটিভি ক্যানালে।

আইসক্রিম কোন-এর জনস্বাস্থ্য সহ আমেরিকার প্রাচীনতম আইসক্রিমের দোকান ও আইসক্রিমের স্বর্ণ আবিষ্কার করুন সন্ধ্যা ৭টায় টিএলসি-তে 'ফুড প্যারাডাইস' অনুষ্ঠানে।

আফ্রিকার দক্ষিণে একদল বুনো মহিষের পাল ঘুরে বেড়ায় ম্যানগ্রা হ্রদ সংলগ্ন ঘাসভূমিতে। সেখানে জিরাফ, বেবন, হাতি সহ আরও নানা প্রাণীর সঙ্গে তাদের লড়াই করে চিঁকে থাকার কাহিনী 'দ্য বাফলো আফ্রিকান বস' সন্ধ্যা ৭টায়, অ্যানিম্যাল প্ল্যানেটে।

সকাল ৮টায় ভক্তি আরাদনা। ১০.৩০ মিনিটে হরি মির্চা লাল মির্চা। দুপুর ১টায় মঙ্গলসূত্র এক মর্যাদা। ১.৩০ মিনিটে কায়সি ইয়ে জিকোপানি। ২টায় আশিয়ারা। বিকেল ৩টায় পিয়া কা ঘর। ৫টায় ওড ইভিনিং ইন্ডিয়া। সন্ধ্যা ৬.৩০ মিনিটে কৃষি দর্শন। ৭টায় আঞ্চলিক সংবাদ। ৭.১৫ মিনিটে ফিলম সং। রাত ৮টায় নিউজ হেডলাইনস্। ৮.০৫ মিনিটে সংসদ সমাচার। ৮.১৫ মিনিটে মুখ্য সমাচার। ৮.২০ মিনিটে সংসদ সমাচার। ৮.৩০ মিনিটে সঞ্চটমোচন অনুষ্ঠান। ১০টায় বোম্বাকেশ বক্সী। ১১টায় দুনিয়া (দিলীপ কুমার, অশোক কুমার, ঝষি কাপুর, অমৃতা সিং) দ্বিতীয় পর্ব।

মিশিগানের আপার পেনিনসুলায় অস্বাভাবিক রকম হিমেল ঝড়। তাপমাত্রার পারদ ক্রমশ নীচে নামছে। চিড়িয়াখানায় নতুন অভিযাত্রী আশান, সাধা বাঘের গর্ভবতী হওয়া-সব মিলিয়ে দেখুন অনুষ্ঠান 'মাই লাইফ ইজ অ জু' (হোয়াইট টাইগার ট্রাবল) রাত সাড়ে ৮টায়, নাট জি ওয়াইল্ড-এ।

'প্রীত সে কবি হয়ে জেবির' রাত সাড়ে ৯টায় জি চিত্রিতে।
'ইস পেয়ার কা কেয়া নাম দু' রাত ৮টায় স্টার প্রান্সে।

সিনেমা

রূপসী বাংলা
দুপুর ১.৩০ মিনিটে লভ কানেকশন (অহয়, ঋত্বিকা, রজনীকান্ত)।
আকাশ বাংলা
দুপুর ২টায় আসল নকল (লোকেশ ঘোষ, শতাব্দী, চুমকি)।
স্টেট মাস্ক
দুপুর ১.০৫ মিনিটে এক লড়াই এক লড়াই।
বিকেল ৫টায় গ্যাংলার নবর ওয়ান।
স্টার গোল্ড
দুপুর ২টায় ক্রান্তি।
বিকেল ৫টায় লভ স্টোরি অফ অ স্পাই।
রাত ৯টায় খিলাড়িগো কা খিলাড়ি।
ইউটিভি মুভিজ
বিকেল ৫টায় অজ্ঞাত : দ্য আননোন। রাত ৯টায় মেরি অদালত।
জি সিনেমা
সকাল ১০.১৫ মিনিটে রাম তেরি গঙ্গা মহলি।
দুপুর ২.১৫ মিনিটে সীতা অদুর গীতা।
সন্ধ্যা ৬টায় খিলোনো বনা খলনায়ক।
এইচবিও
বিকেল ৪.২৫ মিনিটে আইরন ম্যান-৩। সন্ধ্যা ৭.১০ মিনিটে এইস ভেনেচুরা : পেট ডিটেক্টিভ। রাত ৯টায় উইল্ডআউট আ প্যাডল। রাত ১১.০৫ মিনিটে কিক-অ্যাস।
মুভিজ নাও
বিকেল ৪টায় ককুন। সন্ধ্যা ৬.৩০ মিনিটে দ্য পোডেন কম্পাস। রাত ৯টায় স্টার মুভিজ।
সন্ধ্যা ৬.২৫ মিনিটে ন্যাশনাল স্টেজার। রাত ১১.১৫ মিনিটে পোলিশ স্টোরি।
ইউটিভি অ্যাকশন
রাত ১১টায় ইউনিভার্সাল সোলজার।
ইউটিভি অ্যাকশন সন্ধ্যা ৬টায় অম ডেভিল গার্ডিয়ান।